বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২, অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৬(অংশ-১)-৯৭৫

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩৩ / ২৩ নভেম্বর ২০২৬

বিষয়: ১৪ ডিসেম্বর 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' যথাযোগ্য মর্যাদায় পালন প্রসঙ্গে।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০০০.০৪২.২৩.০০০১.২৬.৮৮; তারিখ: ১৫.১১.২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৪ ডিসেম্বর 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচির আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন মাদ্রাসাসমূহে নিম্নোক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

কর্মসূচি:

১। আগামী ১৪ ডিসেম্বর ২০২৬ তারিখে দিবসটির তাৎপর্য তুলে ধরে নিজ নিজ প্রতিষ্ঠানের সুবিধাজনক সময়ে 'বিশেষ আলোচনা অনুষ্ঠান' আয়োজন করতে হবে।

২। আলোচনা অনুষ্ঠানে শিক্ষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর এস এম তৌহিদুজ্জামান
রেজিস্ট্রার
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/সুপার/প্রতিষ্ঠান প্রধান, সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্তরের মাদ্রাসা।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৬(অংশ-১)-৯৭৫(১০)

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩৩ / ২৩ নভেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (মাদ্রাসা অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা;
৩. উপসচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৫. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৬. জেলা শিক্ষা অফিসার (সকল);
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৮. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯. পি ও টু চেয়ারম্যান/পি এ টু পরীক্ষা নিয়ন্ত্রক/মাদ্রাসা পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১০. অফিস কপি।

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ০২২২৩৩৬৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
চেয়ারম্যান মহোদয়ের দপ্তর
ডায়েরী নং- ৬৮৫০
তারিখ: ১৫
পরিদর্শক
প্রকাশনা নিয়ন্ত্রক
উপ-রেজিস্ট্রার প্রশাসন/কমন
আইসিটি/কম্পিউটার কেন্দ্র
আলাপ করুন/ব্যবস্থা নিন
চেয়ারম্যান
১৫/১১/২৬

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৪২.২৩.০০০১.২৬.৮৮ তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩
১৫ নভেম্বর ২০২৬

বিষয়: '১৪ ডিসেম্বর 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০০.০০১.৪২.০০০১.২৬.০৬; তারিখ: ৪ নভেম্বর ২০২৬

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের এমপি জনাব আহমেদ আযম খান মহোদয়কে সভাপতিত্বে ১৪ ডিসেম্বর 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে এক আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে ৬টি জাতীয় কর্মসূচি চূড়ান্ত করা হয়। তার মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্তটি নিম্নরূপ:

'শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠান (সুবিধাজনক সময়ে)।

০২। এমতাবস্থায়, ১৪ ডিসেম্বর 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়নের জন্য এ বিভাগের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পত্র

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
রেজিষ্ট্রার মহোদয়ের দপ্তর
ডায়রী নং ৫৩৯
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
প্রকাশনা নিয়ন্ত্রক
উপ-রেজিস্ট্রার প্রশাসন/কমন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক গোপঃ/পরীক্ষা
হিসাব রক্ষণ কর্মকর্তা
আইসিটি/কম্পিউটার কেন্দ্র
উপ-সহকারী প্রকৌশলী
১৬/১১/২৬

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
উপ-রেজিস্ট্রার (প্রশাসন) এর দপ্তর
ডাইরি নং-
তারিখ-
হিসাব রক্ষণ কর্মকর্তা
উপ-সহকারী প্রকৌশলী
সেকশন অফিসার (সংস্থাপন)
ডি/এ কমিটি
ডি/এ সংস্থাপন
18.11.26
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

সংযুক্তিঃ

(১) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পত্র

১৫-১১-২০২৬
ড. মো. মনিরুল ইসলাম
উপসচিব
ফোন : ০২৫৫১০১৩৪৮
ইমেইল : sascordinet@tmed.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
২। পরিচালক [যুগ্মসচিব] ও মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৩। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৪। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৪২.২৩.০০০১.২৬.৮৮/১ (৪)

তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩ / ১৫ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব (ভারপ্রাপ্ত), সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় [দৃ: আ: উপসচিব (প্রশাসন-২)]।
২। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা-৩, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৪। অফিস কপি।

১৫-১১-২০২৬
ড. মো. মনিরুল ইসলাম
উপসচিব

৩৭৪৮
10 NOV 2026

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরী নং: ৭৪২৮ তারিখ: ৭/১১/২৬

অতি. সচিব (প্রশাসন ও অর্থ)	যুগ্মসচিব (মাদ্রাসা)
অতি. সচিব (কারিগরি)	যুগ্মসচিব (পরি. ও উন্ন. ১/২)
অতি. সচিব (মাদ্রাসা)	যুগ্মসচিব
অতি. সচিব (উন্নয়ন)	উপসচিব
অতি. সচিব (অডিট ও আইন)	সি.সহকারী সচিব/সহকারী সচিব
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১/২/৩)	
যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-১/২)	সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহনপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(প্রশাসন-১ শাখা)
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০০১.৪২.০০০১.২৬./০৬

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩
০৪ নভেম্বর ২০২৬

বিষয়: ১৪ ডিসেম্বর 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ১৪ ডিসেম্বর 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে গত ২৯ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১০ (দশ) পৃষ্ঠা।

০৪/১১/২৬

(শবনম মুস্তারী রিক্তা)
উপসচিব (প্রশাসন-২)
টেলিফোন +৮৮০২২২৩৩৮৫৩১৭
ইমেইল: dsadmin2.molwa@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা
০৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা
০৮। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
০৯। রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
১০। প্রধানমন্ত্রীর সামরিক সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
১১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
১৩। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫। সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৯। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহা-পরিদপ্তর, ঢাকা/জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই), ঢাকা/বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা/আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা/কোষ্ট গার্ড, আগারগাঁও, ঢাকা
২১। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা
২৩। মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, ফুলবাড়িয়া, ঢাকা
২৪। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, ঢাকা

শাখা প্রধান (সমন্বয়)
দেখুলাম ১২ (বারো) পৃষ্ঠা,
যথাপর্যুক্ত প্রস্তাবনা সহ
অবিলম্বে উপস্থাপন
করুন।
১১.১১.২০২৬

আনিসুল ইসলাম। ১৫০৯
যুগ্মসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুগ্মসচিব (প্রশাসন-৩) এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ডায়েরী নং: ৭৪৩
তারিখ: ০৪/১১/২৬
উপসচিব/সি:সহ:সচিব (সমন্বয়)
সি:সহ:সচিব (সংসদ)
সি:এনালিস্ট/প্রোগ্রামার (জাইসিটি)
ব্যক্তিগত কর্মকর্তা
অন্যান্য
যুগ্মসচিব (প্রশাসন-৩) অধিশাখা

২৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল, ঢাকা
২৬। বিভাগীয় কমিশনার (সকল)
২৭। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা
২৮। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর/বাংলাদেশ টেলিভিশন, রামপুরা/বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা
২৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা
৩০। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা
৩১। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, মালিবাগ, ঢাকা
৩২। আহ্বায়ক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা
৩৩। জেলা প্রশাসক (সকল)
৩৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
৩৫। প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার, সেগুনবাগিচা, ঢাকা
৩৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৩৭। সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩৮। তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০০১.৪২.০০০১.২৬.

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
০২। সচিব এর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য)

(শবনম মুস্তারী রিক্তা)
উপসচিব (প্রশাসন-২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

১৪ ডিসেম্বর 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী:

সভাপতি	:	আহমেদ আযম খান, এমপি মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
তারিখ ও সময়	:	২৯-০৯-২০২৬, বেলা: ১১:০০ টা।
স্থান	:	মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬০৫)।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	**পরিশিষ্ট 'ক'**।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবসের প্রেক্ষাপট বর্ণনা করে বলেন, এ দিনটি আমাদের জাতীয় জীবনে এক গুরুত্বপূর্ণ দিন। ১৪ ডিসেম্বর বাংলাদেশের প্রথিতযশা ও খ্যাতনামা বুদ্ধিজীবীদের নির্বিচারে হত্যা করে দেশকে মেধাশূন্য করার অপচেষ্টা চালানো হয়। তিনি জানান, Allocation of Business অনুযায়ী '১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস' মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কর্মপরিধিভুক্ত। প্রতি বছরের ন্যায় এ বছরও দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে। তিনি দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন।

২.০। সভাপতি বলেন, ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে চূড়ান্ত বিজয়ের পূর্বে এ দিনে পাকিস্তানি হানাদার বাহিনী সুপরিকল্পিতভাবে প্রথিতযশা ও খ্যাতনামা বুদ্ধিজীবী, শিক্ষাবিদ, গবেষক, চিকিৎসক, প্রকৌশলী, সাংবাদিক, কবি ও সাহিত্যিকদের নির্মমভাবে নির্বিচারে হত্যা করে। তাঁদের আত্মত্যাগের কথা স্মরণ রেখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় প্রতিবছর এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করে। এবছর দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য যে সকল কর্মসূচি গ্রহণ করা হবে সে সকল কর্মসূচির মধ্যে আমাদের মুক্তিযুদ্ধের চেতনা যেন যথাযথভাবে প্রতিফলিত হয় সে বিষয়ে তিনি সকলের নিকট থেকে সুচিন্তিত মতামত আহ্বান করেন।

৩.০। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন-২) সভায় জাতীয় খসড়া কর্মসূচি উপস্থাপন করেন। উপস্থাপিত জাতীয় কর্মসূচির বিষয়ে সভায় উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করে মূল্যবান মতামত ব্যক্ত করেন। সার্বিক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.০। 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে নিম্নরূপ জাতীয় কর্মসূচি চূড়ান্ত করা হয়:

ক্রমিক	তারিখ/সময় ও কর্মসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	১৪-১২-২০২৬ তারিখে বাণী ও বিশেষ নিবন্ধ প্রকাশ	(ক) রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ; (খ) সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ প্রকাশ।	রাষ্ট্রপতির প্রেস সচিব, প্রধানমন্ত্রীর প্রেস সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর এবং গণযোগাযোগ অধিদপ্তর।
০২	১৪-১২-২০২৬ তারিখ সকাল- ৭:০৫ টায় পুষ্পস্তবক অর্পণ	মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ।	রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা

ক্রমিক	তারিখ/সময় ও কর্মসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
			উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার, ঢাকা, ডিআইজি, ঢাকা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, জেলা প্রশাসক, ঢাকা, পুলিশ সুপার, ঢাকা।
০৩	১৪-১২-২০২৬ তারিখ সকাল- ৭:২২ টায় পুষ্পস্তবক অর্পণ	মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রীর নেতৃত্বে শহিদ পরিবারের সদস্যবৃন্দ এবং উপস্থিত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, গণপূর্ত অধিদপ্তর, বিভাগীয় কমিশনার, ঢাকা, ডিআইজি, ঢাকা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, জেলা প্রশাসক, ঢাকা, পুলিশ সুপার, ঢাকা।
০৪	১৪-১২-২০২৬ তারিখ সকাল- ৮:৩০ টায় পুষ্পস্তবক অর্পণ	রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রীর নেতৃত্বে শহিদ পরিবারের সদস্যবৃন্দ এবং উপস্থিত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, গণপূর্ত অধিদপ্তর, বিভাগীয় কমিশনার, ঢাকা, ডিআইজি, ঢাকা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, জেলা প্রশাসক, ঢাকা, পুলিশ সুপার, ঢাকা।
০৫	১৪-১২-২০২৬ তারিখে বিশেষ আলোচনা সভা আয়োজন	'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠান (সুবিধাজনক সময়ে)।	মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি, (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার(সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
০৬	১৪-১২-২০২৬ তারিখে বিশেষ মোনাজাত/ প্রার্থনা	'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/ প্রার্থনা (সুবিধাজনক সময়ে)।	মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।

৫.০। 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে মিরপুরস্থ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের নিম্নরূপ ক্রমধারা (সিকোয়েন্স) চূড়ান্ত করা হয়:

ক্রমিক	তারিখ ও সময়	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	১৪-১২-২০২৬ সকাল- ৬:৫৫ টায়	প্রধানমন্ত্রীর আগমন।	প্রধানমন্ত্রীর কার্যালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সশস্ত্র বাহিনী বিভাগ
০২	১৪-১২-২০২৬ সকাল- ৭:০০ টায়	রাষ্ট্রপতির আগমন।	রাষ্ট্রপতির কার্যালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সশস্ত্র বাহিনী বিভাগ
০৩	১৪-১২-২০২৬ সকাল- ৭:০৫ টায়	রাষ্ট্রপতি কর্তৃক পুষ্পস্তবক অর্পণ এবং গার্ড অব অনার প্রদান।	রাষ্ট্রপতির কার্যালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

			সশস্ত্র বাহিনী বিভাগ
০৪	১৪-১২-২০২৬ সকাল- ৭:০৬ টায়	প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ এবং গার্ড অব অনার প্রদান।	প্রধানমন্ত্রীর কার্যালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সশস্ত্র বাহিনী বিভাগ
০৫	১৪-১২-২০২৬ সকাল- ৭:১৫ টায়	রাষ্ট্রপতির প্রস্থান।	রাষ্ট্রপতির কার্যালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সশস্ত্র বাহিনী বিভাগ
০৬	১৪-১২-২০২৬ সকাল- ৭:২০ টায়	প্রধানমন্ত্রীর প্রস্থান।	প্রধানমন্ত্রীর কার্যালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সশস্ত্র বাহিনী বিভাগ
০৭	১৪-১২-২০২৬ সকাল- ৭:২২ টায়	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী ও প্রতিমন্ত্রী (উপস্থিত শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্য ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণসহ) কর্তৃক পুষ্পস্তবক অর্পণ।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
০৮	১৪-১২-২০২৬ সকাল- ৮:৩০ টায়	সর্বসাধারণের জন্য শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ উন্মুক্তকরণ।	ঢাকা মেট্রোপলিটন পুলিশ।

৬.০। উপর্যুক্ত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নকালে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও সমন্বয় করবে।

৭.০। 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬'-এর জাতীয় কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ২টি কমিটি ও ০১টি উপকমিটি গঠনের প্রস্তাব অনুমোদিত হয়:

(ক) ১৪ ডিসেম্বর 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে বাস্তবায়ন কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১।	অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	-	আহবায়ক
২।	অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন, কল্যাণ ও ভাতা, আইন), মুবিম	-	সদস্য
৩।	যুগ্মসচিব (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	-	সদস্য
৪।	স্থানীয় সরকার বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
৫।	স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
৬।	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
৭।	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
৮।	বিদ্যুৎ বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
৯।	সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১০।	ডিএমপি এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১১।	গণপূর্ত অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১২।	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১৩।	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১৪।	আহ্বায়ক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল	-	সদস্য
১৫।	ডেসকো এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১৬।	ডিপিডিসি এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১৭।	জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১৮।	বিভাগীয় কমিশনার, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১৯।	জেলা প্রশাসক, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
২০।	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর, একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
২১।	প্রধান বৃক্ষপালনবিদ, আরবরি কালচার, গণপূর্ত অধিদপ্তর	-	সদস্য
২২।	শহিদ বুদ্ধিজীবী পরিবারের একজন প্রতিনিধি	-	সদস্য
২৩।	বাংলাদেশ স্কাউটস এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
২৪।	যুগ্মসচিব (প্রশাসন-২), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	-	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি:

(১) এ কমিটি গৃহীত জাতীয় কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নে সার্বিক তদারকি ও সমন্বয় করবে;

(২) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(খ) 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১।	কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ	-	আহবায়ক
০২।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
০৩।	স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
০৪।	সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
০৫।	এসএসএফ এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
০৬।	স্পেশাল ব্রাঞ্চ (এসবি) এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
০৭।	ঢাকা উত্তর সিটি কর্পোরেশর এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
০৮।	পুলিশ হেডকোয়ার্টাসের একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
০৯।	গণপূর্ত অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১০।	জেলা প্রশাসক, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১১।	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১২।	শহিদ বুদ্ধিজীবী পরিবারের একজন সদস্য	-	সদস্য
১৩।	বাংলাদেশ স্কাউটস এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১৪।	কমিটির আহ্বায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি	-	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি:

(১) এ কমিটি গৃহীত কর্মসূচি বাস্তবায়নে সার্বিক নিরাপত্তা, সুষ্ঠু ট্রাফিক ব্যবস্থাপনা তদারকি ও সমন্বয় করবে;

(২) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(গ) 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী প্রস্তুতকরণ, পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান, বেতার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচার, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা ও বিশেষ নিবন্ধ ও সাহিত্য সাময়িকী প্রকাশ সংক্রান্ত উপকমিটি:

০১।	অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	-	আহ্বায়ক
০২।	যুগ্মসচিব (উন্নয়ন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	-	সদস্য
০৩।	রাষ্ট্রপতির কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
০৪।	প্রধানমন্ত্রীর কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
০৫।	পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
০৬।	সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
০৭।	তথ্য অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
০৮।	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
০৯।	গণযোগাযোগ অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১০।	বাংলাদেশ টেলিভিশন এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১১।	বাংলাদেশ বেতার এর একজন উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য
১২।	তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	-	সদস্য
১৩।	কমিটির আহবায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি	-	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি:

(১) 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী প্রস্তুতকরণ এবং প্রচারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(২) 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান বেতার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে;

(৩) বেতার ও টেলিভিশনে শহিদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবে;

(৪) প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় শহিদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য তুলে ধরে বিশেষ নিবন্ধ প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে;

(৫) 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে সরকারি/বেসরকারি বেতার ও টেলিভিশনের বিভিন্ন আলোচনা অনুষ্ঠান মনিটরিং করবে;

(৬) উপকমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৮.০। **কর্মসূচি-১: ১৪-১২-২০২৬ তারিখে বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ:**

৮.১ **আলোচনা:** ১৪ ডিসেম্বর 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ, সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ ও সাহিত্য সাময়িকী প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ করা হবে। এছাড়া, এ দিবস উপলক্ষ্যে সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ ও সাহিত্য সাময়িকী প্রকাশ করা হবে। সভাপতি জানান, রাষ্ট্রপতির কার্যালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাণী সংগ্রহ করে যথাসময়ে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি সভার আলোচনা অনুযায়ী বাণী প্রণয়নের ক্ষেত্রে এর আকার বিষয়ে সতর্কতা অবলম্বনের অনুরোধ জানান। তিনি রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ, শহিদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য তুলে ধরে বেতার, বিটিভিসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচারের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং এ বিষয়ে পূর্ব থেকেই প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

৮.২ **সিদ্ধান্ত:**

৮.৩.১: রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর বাণী যথাসময়ে প্রণয়নসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ ও প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৮.৩.২: শহিদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য এবং মর্মার্থ তুলে ধরে বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনসহ অন্যান্য বেসরকারি টিভি চ্যানেলে বিশেষ অনুষ্ঠান প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৮.৩.৩ সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ ও সাহিত্য সাময়িকী প্রকাশ করতে হবে।

৮.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** রাষ্ট্রপতির প্রেস সচিব, প্রধানমন্ত্রীর প্রেস সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর এবং গণযোগাযোগ অধিদপ্তর।

৯.০। **কর্মসূচি-২: রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী কর্তৃক শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ এবং অনুষ্ঠানে গার্ড অব অনার প্রদান:**

৯.১ **আলোচনা:** রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী কর্তৃক মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ এবং উক্ত অনুষ্ঠানে গার্ড অব অনার প্রদানের সময়সূচি নিয়ে আলোচনা হয়। সভাপতি জানান যে, পূর্ব অভিজ্ঞতা অনুযায়ী পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের সময়সূচি বরাবরের ন্যায় এবারও সকাল ৭:০৫ টা নির্ধারণ করা যায়। সভায় মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানটি বিটিভিসহ অন্যান্য বেসরকারি চ্যানেলে সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। এ বিষয়ে বাংলাদেশ বেতারের প্রতিনিধি বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র ও ইউনিট থেকে দিবসের ভাবগাম্ভীর্য বজায় রেখে বিভিন্ন অনুষ্ঠানমালা প্রচার এবং মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করা হবে মর্মে সভাকে অবহিত করেন। সভায় রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্যগণের জন্য পুষ্পস্তবক প্রস্তুত রাখতে গণপূর্ত অধিদপ্তরকে (আরবরি কালচার) অনুরোধ জানানো হয়। এ বিষয়ে আরবরি কালচার এর প্রতিনিধি জানান, যথাসময়ে পুষ্পস্তবক প্রস্তুত করা হবে।

৯.২ **সিদ্ধান্ত: ৯.২.১** সভায় আগামী ১৪ ডিসেম্বর 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী কর্তৃক মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ এবং গার্ড অব অনার প্রদানের সময়সূচি সকাল ৭:০৫ টা নির্ধারণ করা হয়;

৯.২.২: মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতারসহ অন্যান্য বেসরকারি টিভি চ্যানেলে সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৯.২.৩: রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে গার্ড অব অনার প্রদানের জন্য সশস্ত্র বাহিনী বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

৯.২.৪: গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন আরবরি কালচার বিভাগ প্রয়োজনীয় সংখ্যক পুষ্পস্তবক যথারীতি প্রস্তুতপূর্বক এসএসএফ এর নিকট যথাসময়ে হস্তান্তর করবে এবং মন্ত্রী ও প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও

শহিদ বুদ্ধিজীবী পরিবারের জন্য প্রস্তুতকৃত ০৪টি পুষ্পস্তবক মন্ত্রণালয়ের কর্মকর্তার নিকট যথাসময়ে হস্তান্তর করতে হবে।

৯.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার, ঢাকা, ডিআইজি, ঢাকা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, জেলা প্রশাসক, ঢাকা, পুলিশ সুপার, ঢাকা।

১০.০। কর্মসূচি-৩: মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রীর নেতৃত্বে শহিদ পরিবারের সদস্যবৃন্দ এবং উপস্থিত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ:

১০.১ আলোচনা: সভায় জানানো হয় যে, রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী কর্তৃক মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের পর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী, প্রতিমন্ত্রী ও সচিব শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্যবৃন্দ এবং হুইল চেয়ারধারী যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সাথে নিয়ে পুষ্পস্তবক অর্পণ করে থাকেন। এ সময় উক্ত স্মৃতিসৌধ এলাকায় আগত অপেক্ষমান জনসাধারণকে প্রবেশে বিরত রাখার বিষয়ে সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। যেহেতু বুদ্ধিজীবী পরিবারের বয়স্ক সদস্যগণ এ অনুষ্ঠানে উপস্থিত থাকেন, সেহেতু রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণের পর মন্ত্রী শহিদ পরিবারের সদস্যবৃন্দকে সাথে নিয়ে পুষ্পস্তবক অর্পণের পূর্বমুহূর্ত পর্যন্ত স্মৃতিসৌধ এলাকায় অপেক্ষমান জনসাধারণকে প্রবেশে বিরত রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনারকে সভায় অনুরোধ জানানো হয়। মেট্রোপলিটন পুলিশের প্রতিনিধি পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের ক্রমধারা (সিকোয়েন্স) বর্ণনা করার বিষয়ে অনুরোধ জানান। এ বিষয়ে সভাপতি মূল অনুষ্ঠান পরিচালনা করার জন্য একটি ঘোষণা মঞ্চ প্রস্তুত করাসহ মাইকে সিকোয়েন্স বর্ণনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং গণযোগাযোগ অধিদপ্তরকে অনুরোধ জানান। এছাড়াও তিনি বুদ্ধিজীবী স্মৃতিসৌধ এলাকায় সিসিটিভি স্থাপন এবং তা মনিটরিং করার জন্য গণপূর্ত অধিদপ্তর এবং মেট্রোপলিটন পুলিশকে নির্দেশনা প্রদান করেন।

১০.২ সিদ্ধান্ত:

১০.২.১: মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণের পর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী, প্রতিমন্ত্রী ও সচিব কর্তৃক শহিদ পরিবারের সদস্যবৃন্দকে সাথে নিয়ে পুষ্পস্তবক অর্পণের পূর্বমুহূর্ত পর্যন্ত স্মৃতিসৌধ এলাকায় অপেক্ষমান জনসাধারণকে প্রবেশে বিরত রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১০.২.২: মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান পরিচালনা করার জন্য একটি ঘোষণা মঞ্চ প্রস্তুত, দু'জন ঘোষকের মাধ্যমে মাইকে অনুষ্ঠানের ক্রমধারা (সিকোয়েন্স) বর্ণনা এবং বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার ও বিভিন্ন বেসরকারি টিভি চ্যানেলে সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১০.২.৩: স্মৃতিসৌধ এলাকায় সিসিটিভি স্থাপন এবং তা মনিটরিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, গণপূর্ত অধিদপ্তর, বিভাগীয় কমিশনার, ঢাকা, ডিআইজি, ঢাকা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, জেলা প্রশাসক, ঢাকা, পুলিশ সুপার, ঢাকা।

১১.০। কর্মসূচি-৪: রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রীর নেতৃত্বে শহিদ পরিবারের সদস্যবৃন্দ এবং উপস্থিত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ:

১১.১ আলোচনা: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রীর নেতৃত্বে শহিদ পরিবারের সদস্যবৃন্দ এবং উপস্থিত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়ে থাকে। তৎপ্রেক্ষিতে রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধের প্রয়োজনীয় সংস্কার, মেরামত, রংকরণ এবং পরিষ্কার-পরিচ্ছন্ন করা প্রয়োজন। স্মৃতিসৌধটি এমনভাবে সংস্কার করতে হবে যাতে এর ভাবগাম্ভীর্য বজায় থাকে। যথাসময়ে সার্বিক কার্যক্রম সম্পন্ন করার জন্য গণপূর্ত অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়। তাছাড়া, সিসিটিভির মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য ডিএমপি,

গণপূর্ত অধিদপ্তর ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে অনুরোধ জানানো হয়। এছাড়া, রায়ের বাজার বধ্যভূমিতে গমনের রাস্তা খুবই জরাজীর্ণ। যেহেতু ঐ দিন এ রাস্তায় ভিভিআইপি ও ভিআইপিগণ যাতায়াত করবেন, সেহেতু জরুরিভিত্তিতে এ রাস্তাটি প্রয়োজনীয় সংস্কার ও মেরামত করা প্রয়োজন বলে সভায় আলোচনা হয়।

১১.২ সিদ্ধান্ত:

১১.২.১: রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ এলাকায় সিসিটিভির মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে;

১১.২.২: রায়ের বাজার বধ্যভূমির পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ দ্রুত সম্পন্ন করতে হবে;

১১.২.৩: রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে গমনের রাস্তার প্রয়োজনীয় সংস্কার ও মেরামতের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে;

১১.২.৪: যথাযথ ভাবগাম্ভীর্য বজায় রেখে রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে শ্রদ্ধা জানাতে আগত ব্যক্তি/ সংগঠন যেন সুশৃঙ্খলভাবে শ্রদ্ধা জানাতে পারে সে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, গণপূর্ত অধিদপ্তর, বিভাগীয় কমিশনার, ঢাকা, ডিআইজি, ঢাকা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, জেলা প্রশাসক, ঢাকা, পুলিশ সুপার, ঢাকা।

১২.০। কর্মসূচি-৫: ১৪-১২-২০২৬ তারিখে 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠান:

১২.১ আলোচনা: ১৯৭১ সালের ১৪ ডিসেম্বরের হত্যাকাণ্ড ছিল পৃথিবীর ইতিহাসে জঘন্যতম বর্বর ঘটনা, যা বিশ্বব্যাপী শান্তিকামী মানুষকে স্তম্ভিত করেছিল। তাই বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ জেলা ও উপজেলা পর্যায়ে স্কুল, কলেজ, মাদ্রাসাসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা সভা আয়োজন করার উপর গুরুত্বারোপ করা হয়। সভায় যথাসময়ে এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়।

১২.২ সিদ্ধান্ত: 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' উপলক্ষ্যে দিবসটির তাৎপর্য তুলে ধরে জেলা ও উপজেলা পর্যায়ে স্কুল, কলেজ, মাদ্রাসাসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে আলোচনা সভা আয়োজন করতে হবে;

১২.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি, (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার(সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১৩.০। কর্মসূচি-৬: ১৪-১২-২০২৬ তারিখে 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/ প্রার্থনা:

১৩.১ আলোচনা: সভায় শহিদ বুদ্ধিজীবীদের বিদেহী আত্মার মাগফেরাত, মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা, ও অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে মোনাজাত/ প্রার্থনা করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

১৩.২ সিদ্ধান্ত: শহিদ বুদ্ধিজীবীদের বিদেহী আত্মার মাগফেরাত, মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা, ও অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে মোনাজাত/ প্রার্থনা করতে হবে।

১৩.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।

১৪.০। মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিস্তম্ভের সংস্কার ও পরিষ্কার-পরিচ্ছন্নতা:

১৪.১ আলোচনা: সভায় 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' যথাযোগ্য মর্যাদায় পালন ও পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানটি সূচারুভাবে সম্পন্ন করার লক্ষ্যে মিরপুরস্থ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে প্রয়োজনীয় সংস্কার, পরিষ্কার-পরিচ্ছন্নকরণ, মিরপুর মাজার রোডের রাস্তা থেকে স্মৃতিসৌধে প্রবেশ পথের দু'পাশের স্তম্ভে এবং পার্শ্ববর্তী স্থাপনার দেয়ালে সাঁটানো পোস্টার/ লিফলেট পরিষ্কার করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করে নির্দিষ্ট সময়ের পূর্বে সকল সংস্কার কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে ভিআইপি প্রক্ষালন কক্ষ প্রস্তুতসহ স্মৃতিসৌধ চত্বরে পর্যাপ্ত সংখ্যক মোবাইল টয়লেট স্থাপনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়াও শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ চত্বরে প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল টিম স্থাপনের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানটি শীতকালে হওয়ায় ঐ সময় বেদীতে কুয়াশা পড়ে এবং স্থাপনাটি পুরাতন ও প্রয়োজনীয় সংস্কার না হওয়ায় বেদীর সিঁড়িগুলো পিচ্ছিল হয়ে যায় বিধায় দুর্ঘটনা এড়াতে বেদীর সিঁড়িগুলো শুকনো রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

১৪.২ সিদ্ধান্ত: ১৪.২.১ রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণের সময় বেদীর সিঁড়িগুলো শুকনো রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৪.২.২: মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের প্রবেশ পথের দু'পাশের স্তম্ভ ও পার্শ্ববর্তী স্থাপনার দেয়ালের পোস্টার অপসারণসহ প্রয়োজনীয় সংস্কার, রং করা, মেরামত, পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে;

১৪.২.৩: মাজার রোডসহ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিস্তম্ভের সকল প্রবেশ পথ/ সড়ক যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

১৪.২.৪: শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের সংস্কার কাজ যথাযথভাবে যথাসময়ে সম্পন্ন করতে হবে;

১৪.২.৫: মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে ভিআইপি প্রক্ষালন কক্ষটি পরিষ্কার করাসহ প্রয়োজনীয় সংখ্যক মোবাইল টয়লেটের ব্যবস্থা করতে হবে;

১৪.২.৬: শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ চত্বরে প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল টিম স্থাপন করতে হবে।

১৪.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

১৫.০। মিরপুরস্থ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের পুকুর এবং দু'জন বীরশ্রেষ্ঠ এর সমাধি সংস্কারসহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা:

১৫.১ আলোচনা: সভায় মিরপুরস্থ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের অভ্যন্তরে অবস্থিত পুকুর এবং দু'জন বীরশ্রেষ্ঠ এর সমাধি সংস্কারসহ অন্যান্য শহিদ বুদ্ধিজীবীদের নাম ফলক স্থাপন এবং কবরস্থান পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে গুরুত্বারোপ করা হয় এবং যথাসময়ে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

১৫.২ সিদ্ধান্ত: স্মৃতিসৌধ এলাকায় অবস্থিত পুকুর এবং দু'জন বীরশ্রেষ্ঠ এর সমাধি সংস্কারসহ অন্যান্য শহিদ বুদ্ধিজীবীদের সমাধিতে নাম ফলক স্থাপন এবং সমাধিস্থল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৫.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর।

১৬.০। মিরপুরস্থ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে গমনের রাস্তা সংস্কার ও পার্কিং:

১৬.১ আলোচনা: মিরপুরস্থ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে গমনের রাস্তাটি খুবই জরাজীর্ণ। যেহেতু এ রাস্তায় রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও অন্যান্য ভিভিআইপিগণ ঐ দিন যাতায়াত করবেন, সেহেতু এ রাস্তাগুলি জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংস্কার ও মেরামত প্রয়োজন বলে সভায় আলোচনা হয়। সভায় পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে আগত আমন্ত্রিত অতিথিবৃন্দের গাড়ি পার্কিং এর বিষয়ে আলোচনা হয়। আলোচনায় বিগত সময়ের ন্যায় স্মৃতিসৌধের নিকটস্থ তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লি: এর ফাঁকা জায়গায় গাড়ি পার্কিং করার আহবান জানানো হয়।

১৬.২ সিদ্ধান্ত:

১৬.২.১ মিরপুর বুদ্ধিজীবী স্মৃতিসৌধে যাতায়াতের রাস্তাটি প্রয়োজনীয় সংস্কার করতে হবে;

১৬.২.২ স্মৃতিসৌধের নিকটস্থ তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লি: এর ফাঁকা জায়গায় গাড়ি পার্কিং এর ব্যবস্থা রাখতে হবে।

১৬.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লি:।

১৭.০। দিবসটির সার্বিক নিরাপত্তা:

১৭.১ আলোচনা: সভায় রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা ব্যবস্থার বিষয়ে আলোচনা হয়। শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্য, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, বিশিষ্ট ব্যক্তিবর্গের মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে আগমন এবং অবস্থানকালীন নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য ডিএমপি'কে অনুরোধ জানানো হয়। ডিএমপি এর প্রতিনিধি জানান, শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ এবং রায়ের বাজার বধ্যভূমির নিরাপত্তার বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হবে। এছাড়া, স্মৃতিসৌধ এলাকায় জেনারেটর স্থাপনসহ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করা হয়। দিবসটিতে ভিভিআইপি আগমন ও প্রস্থানের সময় ট্রাফিক নিয়ন্ত্রণের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

১৭.২ সিদ্ধান্ত:

১৭.২.১: রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে আগমন, অবস্থান এবং প্রস্থানকালীন সার্বিক নিরাপত্তা ব্যবস্থাসহ ১৪ ডিসেম্বর ২০২৬ তারিখে মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের সড়কসমূহের ট্রাফিক ব্যবস্থা কঠোরভাবে নিয়ন্ত্রণ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ পুলিশ ও ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা।

১৭.২.২ : শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্যগণের মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে প্রবেশের ক্ষেত্রে যাতে কোন অসুবিধার সৃষ্টি না হয় সেজন্য তাদের তালিকা ডিএমপি, এসবি ও এসএসএফকে প্রদান করতে হবে। আমন্ত্রিত শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্যগণকে প্রয়োজনে এসবি পাস প্রদান করতে হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ পুলিশ ও ঢাকা মেট্রোপলিটন পুলিশ।

১৭.২.৩: 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' উপলক্ষ্যে ১২ ডিসেম্বর থেকে ১৪ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে এবং রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে পর্যাপ্ত আলোর ব্যবস্থাকরণের জন্য জেনারেটর স্থাপনসহ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। প্রয়োজনে অতিরিক্ত জেনারেটর এর ব্যবস্থা রাখতে হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা ইলেক্ট্রনিক সাপ্লাই কোম্পানী (ডেসকো), পিডিবি এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

১৮.০। মাইক/শব্দযন্ত্র ব্যবহার সম্পর্কিত:

১৮.১ আলোচনা: 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' পালন এবং দিবসের তাৎপর্য বজায় রাখার জন্য অনুষ্ঠান চলাকালীন সময়ে ধারাভাষ্য মঞ্চ ব্যতীত নিকটবর্তী স্থানে মাইক/ লাউড স্পীকার ব্যবহার না করা বা মাইক/ লাউড স্পীকার ব্যবহার বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অভিমত প্রকাশ করা হয়।

১৮.২ সিদ্ধান্ত: অনুষ্ঠান চলাকালীন সময়ে ধারাভাষ্য মঞ্চ ব্যতীত নিকটবর্তী স্থানে মাইক/ লাউড স্পিকার ব্যবহার না করা বা বন্ধ রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হবে।

১৮.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ডিএমপি, ঢাকা ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

১৯.০। সভাপতি সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে এবং ১৪ ডিসেম্বর 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৬' এর সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতার আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আহমেদ আযম খান, এমপি
মন্ত্রী
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়